

৩ | রোববার  
৯ এপ্রিল ২০২৩

সংবাদ

পাঠকের আহ্বায়  
প্রকাশনার ৬৩ বছর

দৈনিক  
আজাদী



ভাসা ফাউন্ডেশনের ইফতার মাহফিল

ভাসা ফাউন্ডেশন : এতিমখানার মা-বাবাহীন এতিম ছাত্রদের সঙ্গে ইফতারের আয়োজন করেছে বেসরকারি উন্নয়ন সংস্থা ভোলান্টারি এজিভিটিস ফর সোস্যাল অ্যান্ড হিউম্যান এডভান্সমেন্ট-ভাসা ফাউন্ডেশন। গতকাল এই সংস্থার উদ্যোগে নগরীর কর্ণেলহাট এলাকায় কারিমিয়া শামসুল উলুম এতিমখানায় ইফতার মাহফিলের আয়োজন করা হয়। মাহফিলে এতিমখানার ছাত্র, শিক্ষক এবং ভাসা ফাউন্ডেশনের কর্মকর্তারা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন এতিমখানা ও মাদ্রাসার শিক্ষা পরিচালক মৌলানা ইসমাইল, বিশেষ অতিথি হিসেবে দোয়া মাহফিল পরিচালনা করেন এতিমখানা পরিচালনা কমিটির সদস্য মৌলানা মো. অলিউল্লাহ। অনুষ্ঠানে ভাসা ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক পরিমল কান্তি পাল তার বক্তব্যে বলেন, এদেশ সাম্প্রদায়িক সম্প্রীতির দেশ। ইসলাম শান্তির ধর্ম, যা সকল মানুষের শান্তি কামনা করে। মাহফিলে অন্যান্যদের মাঝে উপস্থিত ছিলেন ভাসা ফাউন্ডেশনের সাধাবণ পরিষদ সদস্য রাজু চৌধুরী, ইমরান হোসেন, ম্যানেজার বিজয় পাল, রেজাউল করিম, সুপারভাইজার মো. মানিক ও দৌলত হোসেন। এতিমখানা কর্তৃপক্ষের মধ্যে আরো উপস্থিত ছিলেন মো. জসীম উদ্দিন, তোহিদুল ইসলাম ও মো. ইমরান।